



মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মেহেরপুর-৭১০০।



ফোন নং-০৭৯১-৬২৪১১, ৬২২৫৮, ই-মেইল: gmpmpbs@gmail.com, Web: http://:pbs.meherpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৭৮৭.৫৩০.০১.০৩৮.২৩. ২২৬৯

তারিখ: ০৩ মে' ২০২৩ খ্রি:
২০ বৈশাখ' ১৪৩০ বঙ্গাব্দ

বিষয় :- ছাতা, অফিসিয়াল ব্যাগ ও রেইনকোট সরবরাহের রিকোয়েস্ট ফর কোটেশন (RFQ) আহবান প্রসঙ্গে।

অত্র পবিসের নিজস্ব তহবিলের আওতায় ছাতা, অফিসিয়াল ব্যাগ ও রেইনকোট ক্রয়ের লক্ষ্যে বাংলাদেশী প্রকৃত ঠিকাদারী /ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে RFQ দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র নং	ক্রঃনং	মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০৩/২০২৩/০১/০৩৮	০১।	ফ্লোপিং ছাতাঃ (শংকর/এটলাস/শরীফ), স্টীলের বাট, আটশিক, অটো ওপেন। উন্নত মানের প্যারাসুট ওয়াটার প্রুফ কাপড়ের তৈরি (নমুনা অনুযায়ী)	২৪৮ টি		
	০২।	ব্যাগঃ সাইজঃ ১৬'' x ১১'', উন্নতমানের ওয়াটার প্রুফ কাপড়ের তৈরি। ডাবল পার্ট, ডাবল চেইন এবং সাইড পকেট চেইনসহ ও মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি লিখতে হবে (নমুনা মোতাবেক)।	২২১ টি		
	০৩।	রেইন কোটঃ বিদেশী/রেইন ফ্যাশন/সমমানের (উন্নত মানের ওয়াটার প্রুফ কাপড় দ্বারা তৈরী) কফ হাতা, উভয় পার্শ্বে ব্যবহার উপযোগী (শার্ট ও প্যান্ট) এবং মাথার উপর ঢাকনা সহ। (নমুনা মোতাবেক)।	১৩০ টি		
				সর্বমোট =	

কথায় :-

শর্তাবলী :

- ০১। অগ্রাহী দরদাতাগণ আগামী ১৪/০৫/২০২৩ ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকায় নিজস্ব লেটার হেড প্যাডে উল্লেখিত "ছক" মোতাবেক সীল মোহরকৃত দরপত্র (১) মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর অথবা (২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাংক (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো ঢাকা এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। দরপত্রসমূহ ঐ দিনই সকাল ১১ঃ ০৫ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহর ও স্বাক্ষর সংযুক্ত করিয়া খামে সীল গালা ব্যবহার পূর্বক দর দাখিল করতে হবে।
- ০৩। দরপত্রের সাথে দরদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন ও ব্যাংক সলভেন্সী এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ০৪। স্পেসিফিকেশন ও নমুনা মোতাবেক মালামাল সরবরাহ করতে হবে এবং মালামাল সরবরাহের পর মালামালের গুণগত মান যাচাই পূর্বক কমিটি কর্তৃক প্রত্যয়ন রিপোর্ট সন্তোষজনক সাপেক্ষে বিল প্রদান করা হবে।
- ০৫। দরপত্র সমূহ মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক যথাযথভাবে মূল্যায়ন করা হবে। মূল্যায়ন শেষে কমিটি কর্তৃক সুপারিশকৃত বৈধ ও গ্রহণযোগ্য দর দাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে।
- ০৬। নিজ দায়িত্বে ও নিজস্ব ব্যয়ে মালামাল অত্র পবিসের সদর দপ্তরে পৌঁছাতে হবে।
- ০৭। সরকারী নিয়ম অনুযায়ী দাখিলকৃত বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- ০৮। চালান ও বিল দাখিল স্বাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

- ০৯। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য দাখিলকৃত বিলের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশের) বেশী হবে না।
- ১০। খামের উপরে স্পষ্টাক্ষরে “মেহেরপুর পবিসের ছাতা, অফিসিয়াল ব্যাগ ও রেইনকোট সরবরাহের (RFQ) দরপত্র” কথাটি লিখতে হবে।
- ১১। দর দাখিলের ক্ষেত্রে একক মূল্যের সাথে মোট মূল্যের গাণিতিক পার্থক্য পরিলক্ষিত হলে দাখিলকৃত একক মূল্য বিবেচনায় দর মূল্যায়ন করা হবে।
- ১২। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গন্য হবে। শর্ত বহির্ভূত কোন বিষয়ের উদ্ভব হলে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।
- ১৩। অত্র পবিস কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।



(মোহাম্মদ আবু রায়হান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ০৩। জেলা প্রশাসক, মেহেরপুর/চুয়াডাঙ্গা।
- ০৪। পুলিশ সুপার, মেহেরপুর/চুয়াডাঙ্গা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৬। ডিজিএম (কারিগরী-সদর/আলমডাঙ্গা/চুয়াডাঙ্গা/গাংনী) জোনাল অফিস, মেপবিস।
- ০৭। এজিএম (অর্থ-হিসাব/রাজস্ব/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি), মেপবিস।
- ০৮। নোটিশ বোর্ড/ওয়েবসাইট, মেহেরপুর পবিস।
- ০৯। অফিস কপি/মাষ্টার কপি।



(মোহাম্মদ আবু রায়হান)
জেনারেল ম্যানেজার
